

অধিকাংশ মহিলাদের অতি অল্প বয়স থেকেই প্রচুর পরিমাণে নেতিবাচক মানসিক আবেগ বর্তমান থেকে।

মহিলাদের জন্য প্রত্যয়ন (Ladies Affirmation) টি প্রস্তুত করা হয়েছে সেইসব অবদমিত নেতিবাচক আবেগকে, যেগুলি তাঁরা বহুদিন ধরে সচেতন বা অবচেতন মনে লালন পালন করে চলেছেন, সেগুলিকে নিষ্ক্রিয় এবং অপসারিত করার উদ্দেশ্যে।

এমনকি অনেক নেতিবাচক আবেগ তাঁরা পূর্ব পূর্ব-জন্ম থেকেই বহন করে আসছেন।

এটি প্রয়োজনমতো পাঠ এবং প্রাণা হিলিং দণ্ডের (Prana Healing Wand) দ্বারা তাঁরা শারীরিক, নেতিবাচক আবেগ এবং মানসিক যন্ত্রণা বা কষ্ট থেকে মুক্ত হতে পারেন।

কারণ


- যদি প্রত্যেক নারী খুশী থাকে তবে প্রত্যেক গৃহ সুখী থাকবে।
- যদি প্রত্যেক গৃহ সুখী থাকে তবে প্রতি জনপদ আনন্দে থাকবে।
- যদি প্রত্যেক জনপদ আনন্দে থাকে তবে প্রত্যেক দেশ আনন্দপূর্ণ থাকবে।
- যদি প্রত্যেক দেশ আনন্দপূর্ণ থাকে তবে সমগ্র বিশ্ব আনন্দময় হয়ে থাকবে।

সমস্ত নারীর ক্ষেত্রেই আনন্দময় জীবন একটি অতি গুরুত্বপূর্ণ বিষয়।

## মহিলাদের নেতিবাচক আবেগ

Bengali - Ladies Affirmations

[www.pranaviolethealing.com](http://www.pranaviolethealing.com)



অনেকসময় নারী হয়ে জন্মাবার জন্য আমি দুঃখ অনুভব করি। এই জন্মে নারী হয়ে জন্মানোর জন্য কখনও কখনও আমি নিরাশ হয়ে যাই। আমি গভীরভাবে, পূর্ণরূপে এবং সচেতনভাবে নিজেকে স্বীকার করছি।

নারী হবার জন্য আমি অনেক নিরাশার সম্মুখীন হচ্ছি। প্রথমেই আমার মাসিক ধর্ম। কি অসহ্য যন্ত্রণা আর দারুণ অস্বস্তি। আবার আমার চতুর্দিকে সকল মানুষজন, শ্বাশুড়ী, ননদরা, স্বামী, পুরুষবন্ধু এবং পুরুষ সহকর্মী।

আমি অসহায়, বিমর্ষ, আঘাতপ্রাপ্ত, অনাকাঙ্ক্ষিত।

কেউ বোধহয় বুঝতে পারে না আমি কি অবস্থার মধ্য দিয়ে চলেছি।


আমি গভীরভাবে, পূর্ণরূপে এবং সচেতনভাবে নিজেকে স্বীকার করছি।

কিন্তু, আমি কি করতে পারি ?

হে ঈশ্বর এটাই আমার আত্মার বহু জন্মের জন্য আপনার দিব্য নির্দেশ এবং পরিকল্পনা।

আমি গভীরভাবে, পূর্ণরূপে এবং সচেতনভাবে নিজেকে স্বীকার করছি।

হে ঈশ্বর আমি আপনার এই দিব্য নির্দেশ এবং পরিকল্পনা স্বীকার করছি।



আমার ভিতর যে আত্মা আছে তা পুরুষও নয়, বা নারীও নয়। আমি

আপনার দিব্য স্ফুলিঙ্গ, আমি আপনার সন্তান। আমি গভীরভাবে

পূর্ণরূপে এবং সচেতনভাবে নিজেকে স্বীকার করছি।

হে ঈশ্বর আপনি জানেন যে এই জন্মে কেবলমাত্র নারী হয়ে আমি

আমার কর্মের সমন্বয় সাধন করতে পারব যাতে আমি আপনার

নিকটবর্তী হতে পারি, আপনার সাথে মিশে যেতে পারি এবং আপনার

সাথে এক হয়ে যেতে পারি।

হে ঈশ্বর আমাকে নারীরূপে সৃষ্টি করার জন্য আপনাকে ধন্যবাদ।

শুধুমাত্র নারী হবার কারণে আমি অনেক কর্তব্য সম্পাদন করতে পারব

যা পুরুষদের দ্বারা সম্ভব নয়।

আমি গভীরভাবে, পূর্ণরূপে এবং সচেতনভাবে নিজেকে স্বীকার

করছি।

হে ঈশ্বর আপনাকে ধন্যবাদ, ধন্যবাদ, ধন্যবাদ।